দৈনিক বাংলা

তারিখ ... ৩০/৩/৮৩

পৃষ্ঠা ... ১ কলাম ... ১ ...

# শিক্ষকদের অনুদান : তৃতীয় কিস্তির চেক হস্তান্তর

শিক্ষামন্ত্রী ডঃ আবদুল মজিদ খান গতকাল সারাদেশের বেসরকারী শিক্ষাপ্রতিষ্ঠানসমূহের শিক্ষক ও কর্মচারীদের জন্য সরকারী অনুদানের তৃতীয় কিস্তি হিসেবে ১২ কোটি ৭৪ লাখ টাকা আনুষ্ঠানিকভাবে হস্তান্তর করেছেন। খবর বাসসর।

প্রাপকদের এই অর্থ পৌঁছে দেয়ার দায়িত্বপ্রাপ্ত সোনালী, অগ্রণী এবং জনতা ব্যাংকের ম্যানেজিং ডিরেক্টরগণ সচিবালয়ে মন্ত্রীর কক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে তাঁর কাছ থেকে তিনটি পৃথক চেক গ্রহণ করেন।

শিক্ষামন্ত্রী ব্যাংক কর্মকর্তাদের প্রতি শিক্ষা সরঞ্জাম এবং আনুষঙ্গিক দ্রব্যাদি তৈরির জন্য স্কুলভিত্তিক শিল্প প্রতিষ্ঠার ব্যাপারে সম্ভাব্য উদ্যোক্তাদের সহায়তা দেয়ার আহবান জানান।

ব্যাংকগুলোকে পরবর্তী কিস্তির অনুদান ৭ই মে দেয়া হবে। সরকার চলতি কিস্তির টাকা বন্টন ১৫ই এপ্রিলের মধ্যে শেষ করার জন্য সংশ্লিষ্ট ব্যাংকগুলোকে বলে দিয়েছেন।

০১০